

## সারসংক্ষেপ

প্রস্তাবিত যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১ (JRSMP) এর অধীনে সঠিক কাজের অবস্থা নিশ্চিত করতে এবং প্রধান শ্রমের প্রয়োজনীয়তা এবং ঝুঁকিগুলি পরিচালনা করার জন্য এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি (LMP) তৈরি করা হয়েছে। প্রকল্প সিরিজের প্রকল্প-১ বিশ্ব ব্যাংক (WB) এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (AIIB) দ্বারা অর্থায়ন করা হয়েছে যাহা পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB); নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (BIWTA); এবং অর্থ মন্ত্রণালয়ের অধীনে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ (IDRA) কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। জাতীয় নিয়ম ও প্রয়োজনীয়তা পূরণ এর পাশাপাশি বিশ্বব্যাংকের পরিবেশগত এবং সামাজিক কাঠামোর উদ্দেশ্য এবং পরিবেশ ও সামাজিক মানদণ্ড ২ (ESS-2) এর নির্দিষ্ট উদ্দেশ্য পূরণ এর জন্য এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি (LMP) কিছু পস্থা এবং ব্যবস্থা নির্ধারণ করেছে।

এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতিতে চার ধরনের শ্রমিক ও কর্মী চিহ্নিত করা হয়েছে যারা প্রকল্পে বিভিন্ন মেয়াদে নিযুক্ত এবং জড়িত থাকবেন: (i) সরাসরি (সরকার-সমর্থিত এবং পরামর্শদাতাদের দ্বারা গঠিত PIU), (ii) চুক্তিবদ্ধ (বা সাবকন্ট্রাক্টেড) শ্রমিক, এবং (iii) সম্প্রদায়ের কর্মী, এবং (iv) প্রাথমিক সরবরাহ কর্মী।

স্থানীয় সম্প্রদায়ের পরিপ্রেক্ষিতে সম্ভাব্য শ্রম ঝুঁকিগুলি হল কাজের অবস্থা, শিশু শ্রম এবং জোরপূর্বক শ্রম, দুর্বল মহিলা, যৌন শোষণ ও অপব্যবহার (SEA), এবং যৌন হয়রানি (SH) ইত্যাদি।

এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি এর উদ্দেশ্য হল সঠিক কাজের পরিস্থিতি এবং কর্মীদের সম্পর্ক, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (OHS) ব্যবস্থাপনা নিশ্চিত করা, প্রকল্পের কর্মী-সংক্রান্ত যৌন শোষণ, অপব্যবহার এবং যৌন হয়রানি (SEA/SH) এর মত সমস্যাগুলিকে মোকাবেলা করা। এটি সুনির্দিষ্টভাবে কাজের পরিস্থিতি, শ্রমিকদের সম্পর্কের ব্যবস্থাপনা, শিশু ও বাধ্যতামূলক শ্রম, যৌন শোষণ ও অপব্যবহার, যৌন হয়রানি, শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সমস্যাগুলিকে চিহ্নিত এবং মূল্যায়ন করবে এবং কীভাবে মোকাবেলা করতে হবে তা নির্ধারণ করবে।

এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি প্রকল্প চলাকালীন সময়ে মহিলা এবং তাদের সন্তানদের লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV), যৌন শোষণ ও অপব্যবহার (SEA), এবং যৌন হয়রানি (SH) হওয়ার সম্ভাবনাকে উল্লেখযোগ্যভাবে তুলে ধরে। তাই এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি নিয়মিত পর্যবেক্ষণ এবং রিপোর্টিং সহ প্রয়োজনীয় প্রক্রিয়া চিহ্নিত করেছে।

রকমটি, 18 বছরের কম বয়সী শিশুদের নিয়োগ এবং জোরপূর্বক শ্রমের অনুশীলন নিষিদ্ধ করবে। এটি প্রাথমিকভাবে জাতীয় আইনগুলি অনুসরণ করার পাশাপাশি আন্তর্জাতিক ভাল অনুশীলনগুলি এবং বিশ্বব্যাংকের প্রাসঙ্গিক মানদণ্ড গ্রহণ করবে (ESS 2 এবং ESS4)। তদুপরি এই পদ্ধতিতে নির্ধারণ করা মানগুলি অনুসরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য পর্যায়ক্রমিক পর্যবেক্ষণের সাথে সাথে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের ব্যবস্থা করবে।

এই প্রকল্পটি বাস্তবায়নের সময় দেশের বিভিন্ন স্থান থেকে শ্রম প্রবাহের সম্ভাবনা রয়েছে যদিও সামগ্রিক অর্থে এই সংখ্যা উল্লেখযোগ্য হবে বলে আশা করা হচ্ছে না। এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতিতে প্রয়োজনীয় ব্যবস্থা প্রস্তাব করার পাশাপাশি প্রকল্পের সাথে পর্যবেক্ষণ প্রক্রিয়া সংযুক্ত করা হয়েছে যেগুলি উল্লেখ্য ব্যবস্থাগুলিকে নিয়মিত অনুশীলনে পরিণত করবে। দায়িত্বশীল পক্ষের ক্রিয়াকলাপ প্রমাণের জন্য নির্দিষ্ট মেয়াদে রিপোর্ট করা হবে।

এই শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি বিশ্বব্যাংকের পরিবেশ ও সামাজিক মানদণ্ড এবং বাংলাদেশের বর্তমান আইনের মধ্যে মিল এবং ফাঁক চিহ্নিত করেছে। প্রকল্পটি বাস্তবায়নের সময় ভাল অনুশীলনগুলি গ্রহণ করা হবে এবং যদি আরও উন্নত কোন বিষয় প্রস্তাব করা হয় সেগুলিও অনুসরণ করা হবে। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে ট্রেড ইউনিয়ন (শ্রমিক সমিতি), নিরাপদ কাজের পরিবেশ ইত্যাদি সবই এই প্রকল্পে অনুশীলন করা হবে।

কোভিড-১৯ এর মহামারী পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মহাপরিচালক কর্তৃক জারি করা প্রযোজ্য নির্দেশিকা প্রয়োজন মোতাবেক অনুসরণ করা হবে।

পদ্ধতিটিকে বাস্তবে রূপদানের জন্য প্রকল্পটি প্রাসঙ্গিক অভিজ্ঞতা এবং জ্ঞান-সম্পন্ন প্রয়োজনীয় দক্ষ কর্মী নিয়োগ করবে। এই বিশেষজ্ঞরা যে ক্ষেত্রগুলি কভার করবেন তা হল শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (OHS), শ্রম এবং কাজের অবস্থা, শ্রমিকদের অভিযোগ, প্রশিক্ষণ এবং প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রকল্পের সাথে জড়িত ব্যক্তিদের সচেতনতা বাড়ানো।

শ্রম ব্যবস্থাপনা পদ্ধতিটিকে একটি মানসম্মত অভিযোগ-নিষ্পত্তি প্রক্রিয়া চালু করার মাধ্যমে এটি প্রকল্পের জন্য সর্বোত্তম ব্যবস্থা অনুশীলনের প্রস্তাব করেছে। ব্যবস্থার মধ্যে রয়েছে শাস্তিমূলক পদ্ধতি, ব্যক্তিগত অভিযোগ প্রক্রিয়া, সমষ্টিগত অভিযোগ প্রক্রিয়া, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV) এবং কর্মক্ষেত্রে যৌন এবং অন্যান্য হয়রানিমূলক আচরণ।

বিশ্বব্যাংকের প্রস্তাবিত ESS-2 এবং ESS-4 যথাস্থানে প্রয়োগ এবং বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য ঠিকাদার চুক্তিনামার অধ্যায়ে একটি উচ্চ-স্তরের মান প্রবর্তন করেছে।

যেহেতু শ্রম ব্যবস্থাপনা পদ্ধতি হল একটি পরিবর্তনযোগ্য গতিশীল নথি, তাই প্রকল্পের চাহিদা মেটাতে এটি হালনাগাদ করা যেতে পারে। এটি প্রকল্পের সামাজিক ও পরিবেশগত সুরক্ষা নিশ্চিত করার জন্য তৈরি করা বেশ কয়েকটি পরিবেশগত এবং সামাজিক (E&S) উপকরণগুলির মধ্যে একটি মাত্র। অন্যান্য পরিবেশগত এবং সামাজিক (E&S) নথির মধ্যে রয়েছে SEP, RPF, ESMF, ESIA ইত্যাদি। আলোচ্য LMP সহ অন্যান্য পরিবেশগত এবং সামাজিক উপকরণগুলি প্রকল্পের মূল্যায়নের আগে বাস্তবায়নকারী সংস্থা (IAs) এবং বিশ্বব্যাংকের (WB) এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।